

# বই-মোবাইল ফোনের সাহায্যে নকল, ৪৩ এইচএসসি পরীক্ষার্থী বহিষ্কার

চাঁপাইনবাবগঞ্জ  
প্রতিনিধি

৩১ আগস্ট,  
২০২৩ ২৩:৫৯

শেয়ার

অ +

অ -



শিবগঞ্জ সরকারি মডেল হাই স্কুল

চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলায় এইচএসসি পরীক্ষায় বইয়ের পাতা, কাগজ দেখে ও মোবাইল ফোনের সাহায্যে নকল করার অপরাধে ৪৩ শিক্ষার্থীকে বহিষ্কার করেছেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আবুল হায়াত। একই সাথে পরীক্ষার হলে কর্তব্যরত ১০জন শিক্ষককে কর্তব্যে অবহেলার জন্য চলতি বছরের পরীক্ষা সংক্রান্ত সকল কার্যক্রম ও দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার (৩১ আগস্ট) বিকেল সাড়ে ৪টার দিকে উপজেলা সদরের শিবগঞ্জ মডেল সরকারি উচ্চ বিদ্যালয়ে (পরীক্ষার স্থান বা ভেন্যু) অনুষ্ঠিত উপজেলার ধাইনগর টেকনিক্যাল বিজনেস ম্যানেজমেন্ট (টিবিএম) কলেজ কেন্দ্রের পরীক্ষা চলাকালীন পরীক্ষা হলে হানা দিয়ে এসব ব্যবস্থা নেন ইউএনও।

ইউএনও বলেন, ‘বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে চলতি বছরের এইচএসসি (ভোকেশনাল-বিএম) পরীক্ষার ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

প্রথম পত্র বিষয়ের পরীক্ষা চলাকালীন ওই সকল শিক্ষার্থী অসদুপায়  
অবলম্বন করে।

ফলে তাদের বহিষ্কার করা হয়। এছাড়াও অব্যাহতি দেওয়া হয় ১০  
শিক্ষককে।’

কেন্দ্র সচিব ও ধাইনগর টিবিএম কলেজ অধ্যক্ষ মো. সানাউল্লাহ জানান,  
তার কেন্দ্রে ৪টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৫৫০ জন শিক্ষার্থী চলতি বছরের  
কারিগরি শিক্ষাবোর্ডের এইচএসসি ভোকেশনাল (একাদশ শ্রেণি) চূড়ান্ত  
পরীক্ষায় অংশ নেয়। বিকেল ২টা থেকে ৫টা পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষায়  
উপস্থিত হয়ে ইউএনও ৪টি কক্ষের ৪৩ শিক্ষার্থীকে বহিষ্কার করেন।

দেহ তল্লাশিতে তাদের নিকট নকল পাওয়া যায়। এছাড়া পরীক্ষার কর্তব্যে অবহেলার দায়ে ১০ শিক্ষককে অব্যাহতি প্রদান করেন ইএনও।

শিবগঞ্জ থানার পরিদর্শক (তদন্ত) সুকমল চন্দ্র দেবনাথ বলেন, ‘পরীক্ষা চলাকালীন কেন্দ্রে যথারীতি পুলিশ মোতায়েন ছিল। একসাথে ৪৩ পরীক্ষার্থী বহিষ্কারের পর অতিরিক্ত পুলিশ উপস্থিত হয়।

পরে পরীক্ষা সময়মতো নির্বিঘ্নে